



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল- নরসিংদী
জিন্নাহ ফকির টাওয়ার (৩য় তলা), তিতাস গ্যাস রোড,
জেলখানার মোড়, নরসিংদী সদর, নরসিংদী-১৬০০।
www.taxeszonenarsingdi.gov.bd

নথি নং - কঃঅঃ-নরসিংদী/নিয়োগ/২০২৫-২০২৬/ ৫৪৫৩

তারিখ : ২৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে, ২০২৬ খ্রিস্টাব্দ


কর অঞ্চল- নরসিংদীতে ১৩তম গ্রেড হতে ২০তম গ্রেডে সরাসরি কোটায় জনবল নিয়োগের বিষয়ে সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

এ মর্মে সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা যাচ্ছে যে, এই কর অঞ্চলে ১৩তম হতে ২০তম গ্রেডে সরাসরি কোটায় জনবল নিয়োগের নিমিত্তে কার্যক্রম চলমান রয়েছে। এরূপ নিয়োগের কার্যক্রমের ক্ষেত্রে কোনো ধরনের ঘুষ, আর্থিক লেনদেন, স্বজনপ্রীতি, তদবির, অনিয়ম ও দুর্নীতির সকল পথ বন্ধ করার লক্ষ্যে নিয়োগ বিধি যথাযথভাবে অনুসরণপূর্বক শতভাগ স্বচ্ছতা বজায় রাখা হবে। তথাপি কেউ কোনো অনৈতিক ও আর্থিক কর্মকাণ্ডে জড়িত হলে জড়িত দাতা-গ্রহীতা উভয়ের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। সম্পূর্ণ মেধার ভিত্তিতে এবং সরকারি বিধি মোতাবেক উক্ত নিয়োগ প্রদান করা হবে এবং যেকোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

অত্র বিজ্ঞপ্তির ব্যত্যয় করে কোনো ব্যক্তি, দালাল অথবা প্রতারক চক্রের সাথে নিয়োগ সম্পর্কিত কোনো কাজে আর্থিক বা অনৈতিক লেনদেন বিষয়ে প্রতারণা করলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষে তাদেরকে ধরিয়ে দেওয়ার অনুরোধ করা হলো।

এক্ষণে সংশ্লিষ্ট সকলকে প্রতারণিত না হওয়ার জন্য সতর্ক করা হলো।

নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য


(নূর মোহাম্মদ)

উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)

ও

সদস্য সচিব

বিভাগীয় নিয়োগ কমিটি
কর অঞ্চল- নরসিংদী।

E-mail: taxeszonenarsingdi@gmail.com